দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

১৪

## কলেজের সরকারী অনুমোদন চাই

বাংলাদেশের প্রায় প্রতিটি উপজেলায় অন্ততঃপক্ষে একটি করে সরকারী বা বেসরকারী কলেজ রয়েছে। অনেক উপজেলায় বেসরকারী উদ্যোগে কলেজ প্রতিষ্ঠার পরই দ্রুত সরকারী অনুমোদন পেয়ে যাচ্ছে। কিন্তু ১৯৮৫ সালে সরিষাবাড়িতে প্রতিষ্ঠিত রওশন এরশাদ মহিলা কলেজটি অদ্যাবধি সরকারী অনুমোদন পায়নি। ১৯৮৫-৮৬ শিক্ষা বর্ষে ৩০ জন এবং ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষে এ কলেজ থেকে ৩৫ জন ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয়। (সরিষাবাড়ি কলেজের অধীন) বর্তমানে এ কলেজে ১ম ও ২য় বর্ষে ছাত্রীর সংখ্যা হচ্ছে যথাক্রমে ৫০ ও ৮০ জন। অর্থাৎ প্রতি শিক্ষা বর্ষেই এ কলেজে ছাত্রী সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কলেজে শিক্ষক রয়েছেন মোট ৮ জন। কলেজটিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীর মানবিক ও বাণিজ্য এ দুটি বিভাগ রয়েছে। উপযুক্ত সরঞ্জামাদি শিক্ষক ও গৃহের ব্যবস্থা করতে পারলে অদূর ভবিষ্যতে বিজ্ঞান বিভাগও খোলা সম্ভব হবে। কিন্তু সরকারী অনুমোদন ব্যতীত এর কোনটা সম্ভব নয়। প্রয়োজনীয় অর্থ ও পৃষ্ঠপোষকতার অভাবে কলেজটির ভবিষ্যত এখনো অনিশ্চিত, তাই এ কলেজটির জন্য সরকারী অনুমোদন ও সাহায্য দরকার, এ ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

সুকান্ত সাহা ও আশীষ দে (অপু)
সরিষাবাড়ী টাউন জামালপুর।